



ইমপ্রেস অডিওভিশনের তত্ত্বাবধানে বের হলো মেলবোর্ন প্রবাসী শিল্পী চঞ্চল মণ্ডলের একক অডিও অ্যালবাম ‘চোখের দেয়াল’। অ্যালবামটিতে রয়েছে আটটি গান। গানগুলো হলো, আজ সারাদিন উদাসীন, তোমার সঙ্গে দেখা হবার কথা ছিল বাদল দিনে, চোখের দেয়ালে কুয়াশা, আহা মরি মরি একি রূপ ধরি, পাখিরে সোনার খাঁচার পাখি করে ডাকাডাকি, আমি কি যে ভালবাসি হয়তো জানো না, ঘুরে মরি হেথা সেথা বুকে না জানি কিসের ব্যথা, সে তো

অনেক দিনের পরে আজ তোমার সাথে দেখা। গান লিখেছেন আভা মুখার্জি (মুম্বাই), নিয়াজ আহমেদ অংশু, ওয়াজীহ রাজীব এবং মণ্গাল কান্তি ঘোষ। সুর করেছেন নিয়াজ আহমেদ ও গৌরব ভাসওয়ালী (মুম্বাই) মেলডি এন্ড কোংসার্টের সৌজন্যে এটি প্রযোজনা ও পরিবেশনার দায়িত্বে আছে ইমপ্রেস অডিওভিশন। এ অডিও অ্যালবাম প্রকাশ উপলক্ষে গত ২৮শে ডিসেম্বর বিকালে চ্যানেল আই ভবনের রুফটপে এক প্রকাশনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রকাশনা অনুষ্ঠানে অতিথি ছিলেন সংগীতশিল্পী সুবীর নন্দী, ইন্দ্রমোহন রাজবংশী, সুরকার শেখ সাদী খান, চলচ্চিত্রভিন্নেতা ইলিয়াস কান্থন এবং মেলোডির পক্ষে শংকর সরকার।